

বিষয়: মুজিব বর্ষ উদ্‌যাপন এবং 'পরিচ্ছন্ন গ্রাম-পরিচ্ছন্ন শহর' কার্যক্রম বাস্তবায়ন অগ্রগতি বিষয়ক পর্যালোচনা সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মোঃ রকিব হোসেন, এনডিসি

রেক্টর (সচিব)

সভার তারিখ : ১৫ অক্টোবর ২০১৯

সভার সময় : বিকাল ০৪:০০ টা

স্থান : রেক্টরস্ কনফারেন্স রুম (আইটিসি)


উপস্থিতির তালিকা: পরিশিষ্ট-ক

সভার শুরুতে সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। অতঃপর মুজিব বর্ষ উদ্‌যাপন এবং 'পরিচ্ছন্ন গ্রাম-পরিচ্ছন্ন শহর' কার্যক্রম বাস্তবায়ন ও অগ্রগতি বিষয়ে নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা হয়:

ক্র. নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত/বাস্তবায়নে
১	পরিচ্ছন্ন গ্রাম-পরিচ্ছন্ন শহর	মুজিব বর্ষকে সামনে রেখে পরিচ্ছন্ন বাংলাদেশ গড়ে তোলার লক্ষ্যে 'পরিচ্ছন্ন গ্রাম-পরিচ্ছন্ন শহর, এর কার্যক্রম বাস্তবায়নের সমন্বিত ও সময়াবদ্ধ কর্মপরিকল্পনা (স্বল্প মেয়াদী, মধ্যমেয়াদী এবং দীর্ঘমেয়াদী) প্রস্তুত করে আগামী ১৭ অক্টোবর ২০১৯ তারিখের মধ্যে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করার বিষয়ে আলোচনা হয়।	মুজিব বর্ষকে সামনে রেখে পরিচ্ছন্ন বাংলাদেশ গড়ে তোলার লক্ষ্যে 'পরিচ্ছন্ন বিপিএটিসি-সবুজ বিপিএটিসি' (Clean BPATC-Green BPATC) এর কার্যক্রম বাস্তবায়নের সমন্বিত ও সময়াবদ্ধ কর্মপরিকল্পনা (স্বল্প মেয়াদী, মধ্যমেয়াদী এবং দীর্ঘমেয়াদী) প্রস্তুত করে আগামী ১৭ অক্টোবর ২০১৯ তারিখের মধ্যে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। বাস্তবায়নে: পরিচালক (প্রশাসন)
২	ফোকাল পয়েন্ট কর্মকর্তা নিয়োগ	বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী এবং পরিচ্ছন্ন বাংলাদেশ গড়ে তোলার লক্ষ্যে 'পরিচ্ছন্ন গ্রাম-পরিচ্ছন্ন শহর, কার্যক্রম বাস্তবায়নের জন্য জনাব মোঃ সিদ্দিকুর রহমান, পরিচালক-কে বিপিএটিসি'র ফোকাল পয়েন্ট কর্মকর্তা নিয়োগ করার বিষয়ে আলোচনা হয়।	বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী এবং পরিচ্ছন্ন বাংলাদেশ গড়ে তোলার লক্ষ্যে 'পরিচ্ছন্ন গ্রাম-পরিচ্ছন্ন শহর' কার্যক্রম বাস্তবায়নের জন্য জনাব মোঃ সিদ্দিকুর রহমান, পরিচালক-কে বিপিএটিসি'র ফোকাল পয়েন্ট কর্মকর্তা নিয়োগ করতে হবে। বাস্তবায়নে: রেক্টর, বিপিএটিসি
৩	বঙ্গবন্ধু চেয়ার স্থাপন	বিপিএটিসিতে বঙ্গবন্ধুর জীবন-দর্শন সংশ্লিষ্ট সকল কার্যক্রমের পরামর্শক হিসেবে বঙ্গবন্ধুর চেয়ার স্থাপনের জন্য একটি সার্চ কমিটি গঠন করা হয়েছে।	বিপিএটিসিতে বঙ্গবন্ধুর চেয়ার স্থাপনের জন্য গঠিত সার্চ কমিটি সভা করে বঙ্গবন্ধুর সাথে কাজ করেছেন এমন কয়েকজন বিশেষজ্ঞ ব্যক্তির নাম সংগ্রহ করে তাঁদের তালিকা যথা শীঘ্রই

ক্র. নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত/বাস্তবায়নে
		বঙ্গবন্ধুর সাথে কাজ করেছেন এমন কয়েকজন বিশেষজ্ঞ ব্যক্তির নাম সংগ্রহ করে তাঁদের তালিকা অবিলম্বে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণের বিষয়ে সভায় আলোচনা হয়।	রেস্টুর-এর নিকট উপস্থাপন করবেন; যা অবিলম্বে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে। বাস্তবায়নে: এমডিএস (আরএন্ডসি) পরিচালক (প্রশাসন)
৪	আঞ্চলিক কেন্দ্রসমূহের কর্মপরিকল্পনা প্রণয়ন/বাস্তবায়ন	মুজিব বর্ষকে সামনে রেখে পরিচ্ছন্ন বাংলাদেশ গড়ে তোলার লক্ষ্যে 'পরিচ্ছন্ন গ্রাম-পরিচ্ছন্ন শহর, কার্যক্রম বাস্তবায়নের জন্য বিপিএটিসি'র ন্যায় আরপিএটিসমূহ নিজস্ব কর্মপরিকল্পনা প্রণয়ন করবে মর্মে সভায় আলোচনা হয়।	'পরিচ্ছন্ন গ্রাম-পরিচ্ছন্ন শহর, কার্যক্রম বাস্তবায়নের জন্য বিপিএটিসি'র ন্যায় আরপিএটিসমূহে নিজস্ব কর্মপরিকল্পনা প্রণয়ন করতে হবে এবং বাস্তবায়নে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে। বাস্তবায়নে: পরিচালক (এসটিএন্ডআরসি) এবং উপপরিচালক (সকল), আঞ্চলিক কেন্দ্র
৫	মুজিব বর্ষ উদ্‌যাপন উপলক্ষে ১৫ দিন অন্তর অন্তর অগ্রগতি পর্যালোচনা সভা আয়োজন	মুজিব বর্ষকে সামনে রেখে ১৫ দিন অন্তর অন্তর অগ্রগতি পর্যালোচনা সভা আয়োজন করার বিষয়ে আলোচনা হয়।	মুজিব বর্ষ উদ্‌যাপন বিষয়ে অগ্রগতি পর্যালোচনা জন্য ১৫ দিন অন্তর অন্তর সভা আয়োজন করতে হবে। বাস্তবায়নে: পরিচালক (প্রশাসন)

পরিশেষে সকলকে ধন্যবাদ দিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।


১১/১০/২০১১

(মোঃ রকিব হোসেন এনডিসি)

রেস্টুর (সচিব)

তারিখ: ১৭/১০/২০১১

কার্যবিবরণী নং- ০৫.০১.২৬৭২.১২৬.০৬.০২৯.১৯- ১৪৪

অবগতি/অবগতি কার্যার্থে:

- ১। এমডিএস (সকল), বিপিএটিসি, সাভার, ঢাকা
- ২। প্রকল্প (পরিচালক), বিপিএটিসি সক্ষমতা বৃদ্ধিকরণ প্রকল্প
- ৩। পরিচালক (সকল), বিপিএটিসি, সাভার, ঢাকা
- ৪। সিস্টেমস এনালিস্ট (অ.দা.), বিপিএটিসি, সাভার, ঢাকা (কেন্দ্রের ওয়েবসাইটে প্রকাশের জন্য)
- ৫। উপপরিচালক, আঞ্চলিক কেন্দ্র, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা।
- ৬। উপপরিচালক (সকল) বিপিএটিসি, সাভার, ঢাকা
- ৭। পিএসটু, রেস্টুর (রেস্টুর মহোদয়ের সদয় অবগতির জন্য), বিপিএটিসি, সাভার, ঢাকা
- ৮। অধ্যক্ষ, বিপিএটিসি স্কুল এন্ড কলেজ, সাভার, ঢাকা
- ৯। সহকারী পরিচালক (সকল), বিপিএটিসি, সাভার, ঢাকা
- ১০। ১০ম গ্রেডের কর্মচারী (সকল) বিপিএটিসি, সাভার, ঢাকা।


১৬.১০.১১

(মোঃ সিদ্দিকুর রহমান)

পরিচালক (প্রশাসন)